

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৮-১৯ অর্থবছরের ৯ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সিরাজুল হক, পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
সভার তারিখ : ১৫ই এপ্রিল, ২০১৯ ইং
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন	ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
২.	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০১.১৮-২০৭৯; তারিখ-২৯/০৭/২০১৮ ইং)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৩.	০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন	০৫ দিনের প্রশিক্ষণ জরুরি ভিত্তিতে কিভাবে অন্য প্রতিষ্ঠানের সাথে আয়োজন করা যেতে পারে সে বিষয়ে আলোচনা করা হয়।	অথরিটির যেহেতু ০৫ দিনের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য উপযুক্ত প্রয়োজনীয় সংখ্যক জনবল নেই কাজেই বিষয়টি FID এর পরবর্তী মাসিক উদ্ভাবনী সভায় অন্য প্রতিষ্ঠানের সাথে আয়োজনের বিষয়ে FID এর সহযোগিতা চাওয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৪.	স্টাডি ভিজিট ও উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন	অথরিটির সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের উদ্ভাবনী ধারণাসমূহের শোকেসিং ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য অথরিটির ইনোভেশন টিমের ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।	অথরিটির সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের উদ্ভাবনী ধারণাসমূহের শোকেসিং ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য অথরিটির ইনোভেশন টিমের মাধ্যমে বাংলাদেশ-এ আগামী মাসে একটি স্টাডি ভিজিটের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


(মোঃ সিরাজুল হক)





ইভিসি (চলতি দায়িত্ব) ও ইনোভেশন অফিসার
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি





পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদনাম	কমিটি	স্বাক্ষর
১.	মোঃ সিরাজুল হক	পরিচালক ও ইনোভেশন অফিসার	ইনোভেশন অফিসার	
২.	সুতপা চৌধুরী	উপপরিচালক	সদস্য	
৩.	মুহাম্মদ শহিদুল ইসলাম	উপপরিচালক	সদস্য	
৪.	মোহাম্মদ আব্দুল মান্নান	উপপরিচালক	সদস্য	
৫.	জিনাত আমান বন্যা	সিনিয়র সহকারী পরিচালক	সদস্য সচিব	
৬.	সৈয়দ আশিক ইমতিয়াজ	সহকারী পরিচালক	সদস্য	